



চ্যাম্পিয়নস লিগে দাপট রিয়ালের, গালাতাসারের কাছে হার লিভারপুলের



সংগৃহীত ছবি

চ্যাম্পিয়নস লিগের প্রথম ম্যাচেই অসহায় আত্মসমর্পণ করল কাইরাত আলমাতি। ম্যাচের শুরুতে সুযোগ পেয়েও গোল করতে ব্যর্থ হয় তারা। এরপরই শুরু হয় রিয়াল মাদ্রিদের গোল উৎসব। প্রথমার্ধে পেনাল্টি থেকে গোল করেন কিলিয়ান এমবাপ্পে। বিরতির পর আরও দুটি গোল করে হ্যাটট্রিক পূর্ণ করেন তিনি। শেষ দিকে কামাভিজা ও ব্রাহিম দিয়াজের গোল রিয়ালের বড় জয় নিশ্চিত করে।

অন্যদিকে লিভারপুল আধিপত্য বিস্তার করেও হার মানে গালাতাসারের কাছে। প্রথমার্ধে একের পর এক সুযোগ হাতছাড়া করে আর্না স্লটের দল। বিপরীতে ডি-বক্সে ফাউল থেকে পাওয়া পেনাল্টিতে গোল করে গালাতাসারাইকে এগিয়ে দেন ভিঙ্টর ওসিমন। দ্বিতীয়ার্ধে মোহাম্মদ সালাহ নেমেও লিভারপুলের ভাগ্য বদলায়নি।

স্টামফোর্ড ব্রিজে চেলসি জয় পেলেও শেষ মুহূর্তে ধাক্কা খেয়েছে। পুরো ম্যাচে আধিপত্য দেখালেও গোল আসছিল না। অবশেষে প্রতিপক্ষের আত্মঘাতী গোলে তিন পয়েন্ট পায় ক্লজরা। তবে জোড়া হলুদ কার্ড দেখে মাঠ ছাড়ায় পরের ম্যাচে জোয়াও পেন্দ্রোকেকে পাচ্ছে না দলটি।